**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**28 January 2026** **7:35 AM IST**

=================================================================

সংসদের বাজেট অধিবেশন আজ থেকে শুরু হচ্ছে । রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মূর আজ সংসদের উভয় সভায় ভাষন দেবেন আজ থেকে আগামী ১৩ই ফেব্রুয়ারী পর্যন্ত অধিবেশনের প্রথম পর্যায় এবং ৯ই মার্চ থেকে দোসরা এপ্রিল পর্যন্ত দ্বিতীয় পর্যায়ের কাজকর্ম চলবে । আগামী পয়লা ফেব্রুয়ারী ,রবিবার অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ ২০২৬-২৭ অর্থ বছরের কেন্দ্রীয় বাজেট পেশ করবেন ।

বাজেট অধিবেশনের পূর্বে কেন্দ্রীয় সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেন রিজিজু বেশকয়েকটি গুরুত্বপূর্ণ জাতীয় বিষয় সহ সব দলের সহযোগীতা চেয়ে গতকাল একটি সর্বদলীয় বৈঠকের আহ্বান করেন । সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেন রিজিজু সংসদের এই অধিবেশন সম্পর্কে জানান---

বাইট

---

সরকারী অর্থের অপব্যবহার না করে মূখ্যমন্ত্রী মহিলা উদ্যোমিতা অভিযানের অথর্কে মূলধন হিসেবে নিয়ে ক্ষুদ্র ব্যবসা গড়ে তুলতে

রাজ্যের মহিলাদের প্রতি মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আহ্বান জানিয়েছেন ।

মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা গতকাল ডিগবয় ও চরাইদেউ জেলার মাহমরায় মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানের অধীনের হিতাধিকারীদের মধ্যে চেক বিতরন করে এই আহ্বান জানান । মাহমরা বিধানসভা কেন্দ্রের গরৈমারী ক্রীড়া প্রকল্পে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ২৫ হাজার ৫শ ৫১ জন মহিলাকে ১০ হাজার টাকা করে প্রথম কিস্তির চেক বিতরন করা হয় ।

মুখ্যমন্ত্রী মহিলা সবলীকরণ এবং তাঁদের স্বাবলম্বী করে তোলার জন্য সরকারের এই অভিযান আগামী দিনেও অব্যাহত থাকবে বলে আশ্বস্থ করেন ।

---

মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা গতকাল রাজ্য সচিবালয় প্রাঙ্গনের ভিতর একটি প্রেক্ষাগৃহের শিলান্যাস করেন । এ উপলক্ষ্যে আয়োজিত সভায় বক্তব্য রাখতে গিয়ে মূখ্যমন্ত্রী বলেন যে এই প্রেক্ষাগৃহ রাজ্যের সাংস্কৃতিক পরিকাঠামোকে আরো শক্তিশালী করবে । ৫২ কোটী টাকা ব্যায় সাপেক্ষে নির্মিয়মান দামোদর দেব আর্ন্তজাতিক প্রেক্ষাগৃহের সূচনা করে মূখ্যমন্ত্রী ডক্টর শর্মা বলেন ----- বাইট

---

আসাম বিধানসভার পাবলিক একাউন্টস কমিটি আগামীকাল হাইলাকান্দি জেলা সফরে এসে জেলার উন্নয়নমূলক প্রকল্পগুলি সরজোমিনে পর্য্যবেক্ষন করবে । কমিটির সভাপতি বিধায়ক নুরুল হুদার নেতৃত্বে আসা এই দল জেলার পাঁচটি উন্নয়ন খন্ডে বাস্তবায়িত গ্রামীন প্রকল্পের খোঁজ খবর নেবেন

। প্রতিনিধি দলটি বিকেলে জেলা প্রশাসনের শীর্ষ আধিকারীকদের সঙ্গে একটি পর্য্যালোচনা বৈঠকে অংশ গ্রহন করবে ।

---

লালা রুরেল কলেজের ইংরেজী বিভাগের উদ্যোগে এবং নর্থ ইষ্টান রিজিওন্যাল সেন্টারের সহযোগীতায় গতকাল থেকে লালা রুরেল কলেজ প্রেক্ষাগৃহে ন্যারেটিভস অফ ইন্ডিজেনাস নলেজ এন্ড ইনোভেশন শীর্ষক বিষয়ের উপর জাতীয় স্তরের সেমিনার শুরু হয়েছে । দু দিনের এই সেমিনারে উত্তর-পূর্ব ভারতের ভাষা , সংস্কৃতি ও উন্নয়নের প্রেক্ষাপটে আদিবাসী জ্ঞান ব্যবস্থাকে নতুনভাবে ব্যাখা করাই হবে মূল লক্ষ্য । গতকাল আসাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য অধ্যাপক রাজীব মোহন পন্থ এবং গুরুচরন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য অধ্যাপক নিরঞ্জন রায় প্রদীপ প্রজ্বোলন করে এই সেমিনারের উদ্বোধন করেন ।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে উপাচার্য্য অধ্যাপক শ্রীপন্থ বলেন ভাষা ও সংস্কৃতির মাধ্যমে প্রজন্ম থেকে প্রজন্মে বহমান এই জ্ঞান ব্যবস্থাকে সংরক্ষন , অধ্যয়ন এবং আধুনিক একাডেমিক আলোচনার সঙ্গে যুক্ত করা খুবই জরুরী ।

---

উত্তর-পূর্ব ভারত হিন্দু মিলন মন্দিরের মূখ্য সংগঠক তথা ভারত সেবাশ্রম সংঘের গুয়াহাটী, লামডিং ও শিলচর শাখার অধ্যক্ষ স্বামী সাধনানন্দজী মহারাজ আজ ভারত সেবাশ্রম সংঘের মালিনী বিলে শ্রীশ্রী গুরু মহারাজের নব নির্মিত মন্দিরের শুভ শিলান্যাস করবেন । আজ সকাল ১০টায় এই মন্দিরের শিলান্যাস করা হবে ।

=========================================